

AME (CCT RTM)
11/09/2018.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd


নং-৩৫.০০.০০০০.০৩২.১৪.০০২.১৬-৪৯৯

তারিখ: ১১-০৯-২০১৮

বিষয়: “গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (খুলনা জোন)” শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

গত ২৯ আগস্ট ২০১৮ তারিখে “গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (খুলনা জোন)” শীর্ষক প্রকল্পের উপর প্রকল্প স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।


১১/০৯/২০১৮

(তওহীদ আহমদ সজল)
সিনিয়র সহকারী প্রধান
ফোন-৯৮১৪৮২৬৬
E-mail: sajalpol@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব, আইএমইডি, শের-ই-বাংলা নগর, ঢাকা
- ৩। সচিব, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা [দ্র: আ: যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ]
- ৪। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
- ৫। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পন কমিশন, শের-ই-বাংলা, নগর, ঢাকা
- ৬। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ৭। অতিরিক্ত সচিব (উর্মিন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৮। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ শাখা, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ৯। যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১০। উপপ্রধান (পরিকল্পনা ও কার্যক্রম), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১১। প্রকল্প পরিচালক ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, খুলনা জোন, খুলনা

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৫। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬-৭। অফিস কপি/মাস্টার কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

বিষয়ঃ “গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (খুলনা জোন)” শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত প্রকল্প
স্টেয়ারিং কমিটি'র (পিএসসি) সভার কার্যবিবরণী।

সভাপতি	: মোঃ নজরুল ইসলাম সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ	: ২৯ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ
সময়	: বিকাল ০৩:২০ ঘটিকা
সভার উপস্থিতি	: পরিশীলন-ক

২. উপস্থাপনাঃ

২.১ সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে যুগ্মপ্রধান বলেন যে, প্রকল্পটি ১৯৭৪.৪৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে মার্চ ২০১৭ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক গত ১১-০৪-২০১৭ তারিখে অনুমোদিত হয়। খুলনা জোনের ১২৬.৭৮৯ কিলোমিটার মহাসড়ক আঞ্চলিক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণের নিমিত্ত প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাপূর্বক সমস্যাদি নিরসনের মাধ্যমে দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে অদ্যকার সভা আহবান করা হয়েছে।

৩. আলোচনাঃ

৩.১ প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির আর্থিক অগ্রগতি ২১.৫৪% এবং বাস্তব অগ্রগতি ৩০.৪১%। সড়ক বিভাগওয়ারী বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে তিনি জানান যে, খুলনা সড়ক বিভাগের আর্থিক অগ্রগতি ৫৪.০৯% ও বাস্তব অগ্রগতি ৬৮.৮১%; সাতক্ষীরা সড়ক বিভাগের আর্থিক অগ্রগতি ২৪.৬২% ও বাস্তব অগ্রগতি ৩৮.৯৩; বাগেরহাট সড়ক বিভাগের আর্থিক অগ্রগতি ০.৭১% ও বাস্তব অগ্রগতি ৪.৯৪% এবং কুষ্টিয়া সড়ক বিভাগের আর্থিক অগ্রগতি ৪.০৮% ও বাস্তব অগ্রগতি ৮.৭০%। বাগেরহাট ও কুষ্টিয়া সড়ক বিভাগের বাস্তবায়ন অগ্রগতি কম হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। প্রকল্প পরিচালক জানান যে, পঞ্জী বিদ্যুৎ সমিতি, কুষ্টিয়া কর্তৃক দাখিলকৃত অনুমোদিত ইউটিলিটি স্থানান্তর বিষয় প্রাক্কলনে ভুল হওয়ায় ৭৪.৮৮ লক্ষ টাকার পরিবর্তে ৬৮০.০০ লক্ষ টাকার প্রাক্কলন পুনরায় দাখিল করেছে, যা সংশোধিত ডিপিপি'তে অন্তর্ভুক্ত করা প্রয়োজন। প্রত্যাশী সংস্থা কর্তৃক ইউটিলিটি অপসারন কাজ শেষ না হওয়ায় এবং উক্ত সড়কের দু'পাশে জেলা পরিষদ কুষ্টিয়া কর্তৃক রোপিত বৃক্ষসমূহ অপসারন বিলম্ব হওয়ায় প্রকল্পের বাস্তবায়ন বাধাগ্রহণ হচ্ছে। এ বিষয়ে সভায় উল্লেখ করা হয় যে, পঞ্জী বিদ্যুৎ সমিতি কর্তৃক ইউটিলিটি অপসারণের প্রাক্কলন অত্যাধিক বৃদ্ধির বিষয়টি সরেজমিন পরিদর্শনপূর্বক পুনঃপর্যালোচনা করা দরকার। দায়সারা গোছের প্রাক্কলন প্রণয়ন করে প্রকল্প বাস্তবায়নে বিম্ব সৃষ্টি করা হয়েছে এবং অদক্ষতার পরিচায়ক দেয়া হয়েছে। সওজ অধিদপ্তরের সংশ্লিষ্ট নির্বাহী ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী এবং পঞ্জী বিদ্যুৎ সমিতির সংশ্লিষ্ট জেলা কর্মকর্তাদের নিয়ে এ বিভাগের যুগ্মপ্রধান কর্তৃক উল্লেখিত সড়ক সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিলের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। সভায় আরো উল্লেখ করা হয় যে, সড়ক নির্মাণ বা সম্প্রসারণের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় অধিগ্রহণকৃত জমিতে/সড়কে বিদ্যুতিক পোল/স্থাপনাসহ অন্যান্য ইউটিলিটি স্থাপন করা হয়। অনেক ক্ষেত্রেই এ সকল স্থাপনার জন্য পূর্বানুমোদন গ্রহণ করা হয়না। পরবর্তীতে সড়ক সম্প্রসারণ/পুনঃনির্মাণের প্রয়োজন হলে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় অধিগ্রহণকৃত জমিতে/সড়কে বিদ্যুতিক পোল/স্থাপনা বা অন্য কোন ইউটিলিটি স্থাপন থাকলে পরবর্তীতে সড়ক নির্মাণ/সম্প্রসারণ/পুনঃনির্মাণের প্রয়োজন হলে স্থাপনা/পোল স্থানান্তরের জন্য এ বিভাগ হতে কোন অর্থ প্রদান করার অবকাশ নেই মর্মে সভায় একমত পোষণ করা হয়। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগ, জালানী বিভাগ এবং সংশ্লিষ্ট সংস্থাসমূহের সমন্বয়ে একটি আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজন করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করা হয়।

৩.২ প্রকল্প পরিচালক বলেন যে, বাগেরহাট সড়ক বিভাগের অধীন দুটি প্যাকেজের দরপত্র গত ০৮-০৮-২০১৮ তারিখে আহ্বান করা হয়। পরবর্তীতে উক্ত প্যাকেজ দুটির বিষয়ে আদালতে মামলার কারণে প্যাকেজ দুটির অনুমোদনপূর্বক তথা কার্যাদেশ প্রদানে বিলম্ব হয়। ফলে, ২০১৭-২০১৮ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন সম্ভব হয়নি। এছাড়া, প্রকল্পের বাস্তবায়ন শুরুর পর্যায়ে দেখা যায় যে, খুলনা অংশের প্রকল্পভুক্ত সড়কের দৈর্ঘ্য ৭০০ মিটার বেশী এবং সাতক্ষীরা অংশের প্রকল্পভুক্ত সড়কের দৈর্ঘ্য ৭০০ মিটার কম হবে। এ বাস্তব পরিমাণ সংস্থানের জন্য ডিপিপি সংশোধন করা প্রয়োজন। ডিপিপি প্রণয়ন পরবর্তী সময়ে বাগেরহাট সড়ক বিভাগে সড়ক মজবুতিকরণ কাজের পরিমাণ ৮.৪৩ কিলোমিটার বৃদ্ধি করা প্রয়োজন। কতিপয় প্যাকেজের ভেরিয়েশনের কারণে ডিপিপি সংশোধন করা প্রয়োজন মর্মে প্রকল্প পরিচালক জানান। ইতোমধ্যে প্রকল্পভুক্ত সবকটি প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং সংশ্লিষ্ট ঠিকাদার প্যাকেজসমূহের বাস্তবায়ন কাজ শুরু করেছে মর্মে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। সভায় উল্লেখ করা হয় যে, প্রকল্প প্রণয়নকালে যথাযথভাবে পর্যালোচনা করে কাজের পরিমাণ ও প্রাক্কলন নির্ধারণ করা হয়নি। এ সকল কারণে প্রকল্পের ব্যয় বৃদ্ধি পায়, বাস্তবায়ন কার্যক্রম বিস্তৃত হয় এবং মন্ত্রণালয়ের ভাবমূর্তি ক্ষুম্ভ হয়। যথাযথভাবে প্রাক্কলন নির্ধারণ না হওয়ার কারণে দায়-দায়িত্ব নির্ধারণ করা প্রয়োজন। প্রাক্কলন নির্ধারণে সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাছে ব্যাখ্যা চাওয়া যেতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়। প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্রান্বিত করার এবং প্রকল্প সংশোধনের প্রয়োজন হলে যথাযথভাবে পর্যালোচনাপূর্বক এমনভাবে ব্যয় প্রাক্কলনপূর্বক ডিপিপি সংশোধনের নির্দেশনা প্রদান করা হয় যাতে ভবিষ্যতে আর সংশোধন করার প্রয়োজন না হয়।

৪. সিদ্ধান্ত:

- ৪.১ পঞ্জী বিদ্যুৎ সমিতি কর্তৃক ইউটিলিটি অপসারণের প্রাক্কলন অত্যাধিক বৃদ্ধির বিষয়ে সওজ অধিদপ্তরের সংশ্লিষ্ট নির্বাহী ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী এবং পঞ্জী বিদ্যুৎ সমিতির সংশ্লিষ্ট আঞ্চলিক কর্মকর্তাদের নিয়ে এ বিভাগের যুগ্মপ্রধান সরেজমিন পরিদর্শন ও পর্যালোচনাপূর্বক প্রতিবেদন দাখিল করবেন।
- ৪.২ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় অধিগ্রহণকৃত স্থানে বিদ্যুৎ পোল/স্থাপনা বা অন্য কোন ইউটিলিটি স্থাপনা থাকলে পরবর্তীতে সড়ক নির্মাণ/সম্প্রসারণ/পুনঃনির্মাণের প্রয়োজন হলে স্থাপনা/পোল স্থানান্তরের জন্য এ বিভাগ হতে কোন অর্থ প্রদান করা যোগ্যিতা নয়। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগ, জ্বালানী বিভাগ এবং সংশ্লিষ্ট সংস্থাসমূহের সমন্বয়ে একটি আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজন করা যেতে পারে।
- ৪.৩ প্রকল্প প্রণয়নকালে যথাযথভাবে পর্যালোচনা করে কাজের পরিমাণ ও প্রাক্কলন নির্ধারণ না হওয়ার কারণে এবং কোন কোন অংগ প্রাক্কলন থেকে বাদ দেয়ার বিষয়ে দায়-দায়িত্ব নির্ধারণকল্ঙে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে কারণ দর্শানোর জন্য পত্র দিতে হবে।
- ৪.৪ প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্রান্বিত করতে হবে, যাতে নির্ধারিত সময়ে প্রকল্প কাজ শেষ করা যায়।
- ৪.৫ প্রকল্প সংশোধনের প্রয়োজন হলে যথাযথভাবে পর্যালোচনাপূর্বক এমনভাবে ব্যয় প্রাক্কলন করতে হবে, যাতে ভবিষ্যতে আর ডিপিপি সংশোধনের প্রয়োজন না হয়।
- ৫। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোঃ নজরুল ইসলাম)

সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ